

আমাব ইচ্ছে করে...



সবাই মিলে সুখে দুখে

তাহমিনা আক্তার এ্যানি, ইতালি

আমার প্রথম এবং প্রধান ইচ্ছে হলো আমি আমার বাবা-মা ভাই-বোনদের আমার কাছে নিয়ে আসি আর সবাই মিলে সুখ-দুখে একসঙ্গে থাকি সারাজীবন। যদি আমার দেশে জীবন ধারণ, নিরাপত্তা ব্যবস্থা আরো উন্নত হতো তাহলে সবাই

মিলে দেশেই থাকতাম অনেক সুখে। মূলত দেশের বাইরে থাকায় দেশ ও দেশের সবকিছু মিস করি। তাই হয়তো এমন ইচ্ছে।

বিরক্তিকর ক্লাস ত্যাগের স্বাধীনতা

ইবরাহিম মুদাচ্ছের, ফলিত রসায়ন ও কেমিকৌশল, ঢাবি



এক্ষুনি যদি কেউ জানতে চায়, তুমি কী চাও? বলব, এখন বেশ আছি, এই মুহূর্তটাই চলুক না অসীম সময় ধরে। কিন্তু তা তো হওয়ার নয়, একটু পরেই একঘেয়েমি আসবে, বিরক্তি

লাগবে। একটু ভেবে বলতে দিলে বলব, আমি চাই পরীক্ষা না থাকুক, পছন্দের বিষয়টাই আমাকে পড়ানো হোক ক্লাসে। আমাকে দেয়া হোক যখন

ইচ্ছা বিরক্তিকর ক্লাস থেকে বের হয়ে যাওয়ার স্বাধীনতা। আমি চাই ইচ্ছা হলেই যাতে সারারাত বাইরে বাইরে ঘুরতে পারি, আমি চাই যা ইচ্ছা করার স্বাধীনতা। আমি চাই আমার পছন্দের বইটা চাইলেই আমার সামনে হাজির হোক। আমি চাই আমার কাজে কেউ বাধা না দিক, জবাবদিহিতা থাকুক আমার কাছেই। এককথায় আমি চাই আমার স্বাধীনতা।



চাই সম্মানজনক চাকরি

অবিনাশ কর্মকার, অফিসার, লঙ্কা বাংলা ফিন্যান্স লিমিটেড

বর্তমান চাকরিটা ভালো লাগছে না। কাজের অনেক চাপ এখানে। নিজেকে ভুলতে বসেছি। একটা ভালো ও সম্মানজনক চাকরি পেতে ইচ্ছে

করে। আরো ইচ্ছে করে জ্যামমুক্ত ও নিরাপদ ঢাকা শহরে বাস করতে।

শ্রৌতদের পাশে দাঁড়াতে

আশরাফুল ইসলাম দুর্জয়, ব্রাহ্মণবাড়িয়া

ইচ্ছে তো অনেক। বহুবর্ণের, বহু ধরনের ইচ্ছে। প্রচুর বই কিনতে চাই, প্রচুর বই সংগ্রহ করতে চাই। নিজের সংগ্রহশালাকে দুর্দান্ত রকমের দেখতে চাই। আর চাই ঘুরতে। পাহাড় আর সবুজের প্রতি বিরটি টান অনুভব করি। তাই ঘুরে আসতে চাই প্রথমেই শিলং, দার্জিলিং। মেঘের পাড়ে বসে সূর্যোদয় দেখা, মেঘে মেঘে দিনান্ত; তার মধ্যে বসে চায়ে চুমুক দিচ্ছি; আহা ভাবতেই কী দারুণ। পশ্চিমবাংলায় রবীন্দ্র স্মৃতি বিজড়িত সব জায়গায় যেতে চাই। আরো একটি ইচ্ছে আছে, যে ইচ্ছেটা

নিয়ত ভাবায়। সমাজের শ্রৌচ নাগরিকজন বিশেষত যারা সন্তান সন্ততিহীন বা সন্তানদের উপেক্ষার শিকার শেষ বয়সে তাদের দেখভালের জন্য সামাজিক সংগঠন করতে চাই দেশব্যাপী। কোনো শ্রৌচ নাগরিককে অসহায়, ভিক্ষুক হিসেবে দেখতে চাই না। এ স্বপ্ন বাস্তবায়ন সহজ নয় হয়তো, কিন্তু অসম্ভবও নয় জানি। হাঁটতে চাই স্বপ্নের পথ।

পথশিশুদের পড়াতে চাই

অনিক মিত্র, মাইজদীকোর্ট, চট্টগ্রাম

এক বস্তা ইচ্ছে আমার, জানি বেশিরভাগ ইচ্ছাই পূরণ হবে না। তবু ইচ্ছে করতে দোষ কী? ইচ্ছে করে, বাড়িতে একটা ছোটখাটো লাইব্রেরি থাকুক, ইচ্ছে করে পথশিশুদের পড়াই, ইচ্ছে

করে প্রিয় আপুর স্কুলে গিয়ে তার সঙ্গে একবার দেখা করি আর এই বর্ষায় খুব ইচ্ছে করছে বুঝে বৃষ্টিতে আমাদের বাড়ির উঠানে দাঁড়িয়ে কারো হাত দুটি ধরে ভিজতে।

বৃষ্টি আমাদের টিনের চালে ঢাকের ছন্দে বেজে উঠলে আমরা চোখ বন্ধ করে আকাশের দিকে

তাকিয়ে গাইব, 'আমরা আছি তাই তো আছে অন্ধকার আর আলো, দরজা খুলে দুঃখ ভুলে বেঁচে আছি ভালো।'

উত্তাল ভালবাসতে

মো. মোস্তাফিজুর রহমান তপু, সহকারী রেজিস্ট্রার, ফিজিক্যাল মেডিসিন, মিটফোর্ড হাসপাতাল

আমার ইচ্ছে করে কাউকে উত্তাল ভালবাসতে; কারো জন্য আমার সকাল দুপুর রাত্রি আটকা পড়ে থাকুক; অসহ্য সময় কাটুক; ভুল হয়ে যাক সব কাজে; কারো একটা এসএমএসের জন্য যেন আমি তীর্থের কাকের মতো বসে থাকি; কারো ফোনের রিং টোন যেন আমার কানে মোৎসার্টের নবম সিম্ফনির বাৎকার তোলে; যার সঙ্গে দেখা হলে ভুলে যাব সব ক্রান্তি; পৃথিবীটাকে মনে হবে একটুকরো স্বর্গ। এখনো তার প্রতীক্ষায় আছি।

এই বিভাগে আপনিও লিখুন জানান আপনার ইচ্ছের কথা

ছবিসহ লেখা পাঠানোর ঠিকানা

সাপ্তাহিক ২০০০

ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ
ঢাকা-১২১৫, ই-মেইল : newarticle2000@gmail.com